বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
সোনারগাঁও, নারায়ণগঞ্জ
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

# প্রেস বিজ্ঞপ্তি

## সোনারগাঁও জাদুঘরে যথাযোগ্য মর্যাদায় দিনব্যাপী জাতীয় শোক দিবস পালিত

স্মারক নং: ৪৩.২৮.০০০০.১১১.১৮.১.১৮/ তারিখ: ১৫.০৮.২০১৮

॥ ১৫ আগস্ট, বুধবার ২০১৮ খ্রিস্টাব্দ ॥

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনে স্বাধীনতার মহান স্থপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে দুদিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। এ উপলক্ষে ফাউন্ডেশনের পরিচালক কবি রবীন্দ্র গোপের সভাপতিত্বে বঙ্গবন্ধুর ভাস্কর্যে পুষ্পার্ঘ্য নিবেদন করেন নারায়ণগঞ্জ-৩ আসনের মাননীয় সংসদ-সদস্য লিয়াকত হোসেন খোকা, সাবেক সাংসদ আব্দুল্লাহ্-আল-কায়সার, উপজেলা নির্বাহী অফিসার শাহীনূর ইসলাম, সোনারগাঁও উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি এ্যাডভোকেট সামসুল ইসলাম ভূঁইয়া, সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান কালাম, উপজেলা পরিষদ, মুক্তিযোদ্ধা সংসদ কমান্ড সোনারগাঁ, সোনারগাঁও সরকারি কলেজ, মোগরাপাড়া এইচ.জি.জি.এস স্মৃতি সরকারি বিদ্যায়তন, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, জাতীয় পার্টি, সোনারগাঁও পৌরসভা, বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট, বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক প্রতিষ্ঠান, নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১সহ সোনারগাঁয়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান। তাছাড়া সোনারগাঁ উপজেলা ছাত্রলীগের পক্ষ থেকে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির আয়োজন করা হয়।

দিনব্যাপী জাতির পিতার ৭ মার্চের ভাষণ সম্প্রচার, শিশুদের আঁকা ছবি প্রদর্শনী, চিত্রাংকন প্রতিযোগিতা এবং “বঙ্গবন্ধুর জীবন ও কর্ম” শীর্ষক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। বৈকালিক অনুষ্ঠানে সোনারগাঁ উপজেলার বিভিন্ন স্কুল, কিন্ডার গার্টেনের ছাত্র-ছাত্রী এবং লালন পাঠশালার ছোট্ট সোনামণিদের অংশগ্রহণে বঙ্গবন্ধুকে নিবেদিত সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বঙ্গবন্ধুর ‘অসমাপ্ত আত্মজীবনী’ ‘কারাগারের রোজনামচা’ ও ‘লোককবিতায় বঙ্গবন্ধু’ শীর্ষক গ্রন্থ থেকে পাঠ ও কবিতা আবৃত্তি করেন বাচিক শিল্পী আফরোজা কণা, শিল্পী স্নিগ্ধা রিতা, চন্দন রায়, সাঈদা ইসলাম প্রাপ্তি, মিম, ইমুসহ আঞ্চলিক শিল্পীবৃন্দ।
বিপুলসংখ্যক দর্শক শোক দিবসের অনুষ্ঠানমালা উপভোগ করেন।

(রবীন্দ্র গোপ)
পরিচালক
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন।
ফোন: ০২-৭৬৫৬৩৩১
E-mail: director.s.museum@gmail.com